# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 17-04-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ওয়াকফ সংশোধনী আইনের বিরুদ্ধে দায়ের হওয়া একগুচ্ছ মামলা নিয়ে সুপ্রিম কোর্টে আজ ফের শুনানী হবে।

২) মুর্শিদাবাদে হিংসার ঘটনায় এন আই এ তদন্ত সহ একাধিক দাবিতে জোড়া জনস্বার্থ মামলার শুনানি হবে আজ কলকাতা হাইকোর্টে।

৩) এই ঘটনার তদন্তে জাতীয় মহিলা কমিশনের প্রতিনিধি দল আজ রাজ্যে আসছে।

৪) OMR শিট হাতে পাওয়ার দাবিতে আজ নিজাম প্যালেসে স্থিত এস এস সি দপ্তর অভিযান করবেন চাকরি হারানো শিক্ষকদের একাংশ।

৫) নতুন ভারী শিল্পনীতি নিয়ে রাজ্য শিল্পোন্নয়ন নিগম আজ বিভিন্ন বণিকসভার কর্তাদের সঙ্গে বৈঠকে বসছে।

০০০০০০০০০০০০০০০০০০০

ওয়াকফ সংশোধনী আইনের বিরুদ্ধে দায়ের হওয়া একগুচ্ছ মামলা নিয়ে সুপ্রিম কোর্টে আজ ফের শুনানী হবে। গতকালের শুনানীতে শীর্ষ আদালত যে তিনটি মূল বিষয় উত্থাপন করে, সেব্যাপারে সওয়াল করার ক্ষেত্রে কেন্দ্র আরও কিছুটা সময় চাওয়ায় সুপ্রিম কোর্ট কোন অন্তর্বর্তী আদেশ দেয়নি। আজ দুপুর ২-টোয় এই মামলার ফের

শুনানী হবে প্রধান বিচারপতি সঞ্জীব খান্না, বিচারপতি সঞ্জয় কুমার ও বিচারপতি কে বি বিশ্বনাথনকে নিয়ে গঠিত তিন সদস্যের বেঞ্চে। কেন্দ্রের তরফে সলিসিটার জেনারেল তুষার মেহেতার কাছে বেঞ্চ গতকাল জানতে চান, ওয়াকফ নথিভূক্ত করানোর জন্য প্রয়োজনীয় নথি না থাকলেও ওয়াকফ বাই ইউজার বা ওয়াকফ ব্যবহারকারী অধিকার থেকে কাউকে বঞ্চিত করা যায় কি না। তিন বিচারপতির বেঞ্চ নতুন ওয়াকফ আইনকে চ্যালেঞ্জ করে দায়ের করা আবেদনগুলির ওপর অন্তর্বর্তী আদেশ দেওয়ার কথাও বিবেচনা করছে। বলা হয়েছে, আদালত যখন কোন সম্পত্তিকে ওয়াকফ হিসেবে ঘোষণ করেছে, তা ওয়াকফ বাই ইউজার হলেও শুনানি চলাকালীন তাকে ওয়াকফ সম্পত্তি বলে ঘোষণা করা যাবে না। বেঞ্চ আরও জানিয়েছে, নতুন ওয়াকফ আইনের আওতায় যদি কোন সম্পত্তি ওয়াকফ হিসেবে বিবেচিত না হয়, তাহলে যতদিন জেলাশাসক তদন্ত করে দেখছেন, সেটি সরকারী সম্পত্তি কিনা, ততদিন নতুন আইন ওই সম্পত্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

পদাধিকার বলে সদস্য হওয়া ছাড়া ওয়াকফ বোর্ড ও সেন্ট্রাল ওয়াকফ কাউন্সিলের সব সদস্যকে মুসলিম হতে হবে বলেও বেঞ্চ নির্দেশ দেবেন।

সংশোধিত ওয়াকফ আইনের বিরুদ্ধে পশ্চিমবঙ্গে যে হিংসা ছড়িয়ে পড়েছে, তা নিয়েও প্রধান বিচারপতি সঞ্জীব খান্না উদ্বেগ প্রকাশ করেছেন।

OOOOOOOOOOOOOOOOO

মুর্শিদাবাদের ঘটনায় এন আই এ তদন্ত সহ একাধিক দাবিতে জোড়া জনস্বার্থ মামলার শুনানি হবে আজ কলকাতা হাইকোর্টে। গতকাল প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি চৈতালী চ্যাটার্জী দাসের ডিভিশন বেঞ্চে মামলা দায়েরের অনুমতি চান আইনজীবী প্রিয়াঙ্কা টিব্রেওয়াল এবং সংযুক্তা সামন্ত। এন আই এ তদন্ত

ছাড়াও সংঘর্ষের ঘটনায় ঘরছাড়া ৩-শো পরিবারকে অবিলম্বে ফেরানোর দাবি জানিয়েছেন তারা।

একই দাবিতে অপর মামলাটি করা হয়েছে বিশ্ব হিন্দু পরিষদের তরফে।

এদিকে, মুর্শিদাবাদের অশান্ত এলাকায় ত্রাণ শিবির খুলতে চেয়ে বিরোধী রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত সংগঠন প্রশাসনের কাছে আবেদন জানালেও তা না মেলায় হাইকোর্টে মামলা দায়ের হয়েছে। বিচারপতি অমৃতা সিনহার এজলাসে আজ এই মামলারও শুনানি হওয়ার সম্ভাবনা।

অন্যদিকে, অশান্তি কবলিত মুর্শিদাবাদের ধুলিয়ানে যেতে চেয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর আবেদনে হস্তক্ষেপ করেনি কলকাতা হাইকোর্ট। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ গতকাল এসংক্রান্ত মামলার শুনানিতে জানান, প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চে আজ এসংক্রান্ত জনস্বার্থ মামলার শুনানি রয়েছে। সেখানে মুর্শিদাবাদের পরিস্থিতি নিয়ে রিপোর্ট জমা দেবে রাজ্য। আদালতের নির্দেশে কেন্দ্রীয় সরকারেরও রিপোর্ট জমা দেওয়ার কথা। বিরোধী দলনেতা চাইলে ডিভিশন বেঞ্চেই তাঁর সফর নিয়ে আবেদন করতে পারেন।

OOOOOOOOOOOOOOOOOO

সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে ছড়ানো হিংসার পিছনে পরিকল্পিত অশান্তির ছক রয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দাবি করেছেন। কলকাতা নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে গতকাল ইমাম মোয়াজ্জেম ও মুসলিম বুদ্ধিজীবী সমাবেশে মুখ্যমন্ত্রী, ওয়াকফ আন্দোলনকে কেন্দ্র করে কয়েকটি জায়গা বিশেষ করে মুর্শিদাবাদে সৃষ্ট সাম্প্রদায়িক উত্তেজনার সম্পূর্ণ দায় বিরোধীদের উপর চাপিয়েছেন। তিনি

বলেন, যেখানে মূলত গন্ডগোল হয়েছে তা মালদার কংগ্রেস সাংসদের এলাকার মধ্যে পরে।

(বাইট – মমতা)

যদিও মুখ্যমন্ত্রীর এই অভিযোগ খারিজ করে দিয়েছেন, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার ।

( বাইট – শুভঙ্কর)

সিপিআইএম নেতা মহম্মদ সেলিম ইমামদের নিয়ে মুখ্যমন্ত্রীর বৈঠককে কটাক্ষ করে বলেছেন, রাজ্যের পুলিশ প্রশাসন নিষ্ক্রিয় বলেই এই ধরনের ঘটনা ঘটছে।

এদিকে, সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে ছড়ানো অশান্তির ঘটনায় নিহত তিনজনের পরিবারকে ১০ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে গতকাল মুখ্যমন্ত্রী একথা ঘোষণা করে বলেন, গোলমালের সময় দোকানপাট,বাড়ি-ঘর সহ বিভিন্ন সম্পত্তির কতটা ক্ষয় ক্ষতি হয়েছে মুখ্যসচিব মনোজ পন্থ তার রিপোর্ট তৈরি করছেন। সেই ভিত্তিতেই ক্ষতিপূরণ দেওয়া হবে ।

OOOOOOOOOOOOOOOOOO

মুর্শিদাবাদের হিংসা কবলিত এলাকার ঘরছাড়াদের নিয়ে বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল ভবানীভবনে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারের সঙ্গে সাক্ষাৎ করেন। সঙ্গে ছিলেন বিজেপি নেতা জগন্না চট্টোপাধ্যায়, তাপস রায় এবং অর্জুন সিং। যদিও বৈঠকে ডিজির কথায় তারা আশ্বস্ত হতে পারেননি বলে সুকান্তবাবু জানিয়েছেন।

(বাইট সুকান্ত)

**উল্লেখ্য,** ঘরছাড়াদের সঙ্গে নিয়ে রাজ্য পুলিশের মহানির্দেশকের সঙ্গে সঙ্গে সাক্ষাৎ করতে চেয়ে ভবানী ভবনের সামনে গতকাল ধর্নায় বসেছিলেন বিজেপির নেতারা। প্রায় ২ ঘণ্টার বেশি সময় পর অবশেষে তাঁরা রাজীব কুমারের সঙ্গে সাক্ষাৎ করতে পারেন।

OOOOOOOOOOOOOOOOOO

সংশোধিত ওয়াকফ আইনকে কেন্দ্র করে মুর্শিদাবাদে হিংসার ঘটনার তদন্তে জাতীয় মহিলা কমিশনের প্রতিনিধি দল আজ রাজ্যে আসছে। কমিশনের চেয়ারপার্সন বিজয়া রাহাতকরের নেতৃত্বে গঠিত চার সদস্যের এই কমিটি, আগামীকাল মালদায় গিয়ে ঘরছাড়াদের সঙ্গে কথা বলবেন। পরদিন মুর্শিদাবাদের হিংসা কবলিত এলাকায় গিয়ে আক্রান্ত এবং তাদের পরিবারের সঙ্গে দেখা করবেন। বৈঠক করবেন জেলাশাসক ও জেলা পুলিশ সুপারের সঙ্গেও। পরিস্থিতি মোকাবিলায় পুলিশ-প্রশাসন কী ব্যবস্থা নিয়েছে তা খতিয়ে দেখার পাশাপাশি মহিলাদের সঙ্গে কথা বলে সেই রিপোর্ট কেন্দ্রের কাছে জমা দেবেন তাঁরা।

উল্লেখ্য, জেলার মন্দিরপাড়ার ঘটনায় সাম্প্রদায়িক অস্থিরতা চলাকালীন মহিলাদের ওপর অত্যাচারের যে অভিযোগ উঠেছে, সেই প্রেক্ষিতে স্বতঃপ্রণদিত হয়ে পদক্ষেপ করেছে জাতীয় মহিলা কমিশন।

এদিকে,জাতীয় মানবাধিকার কমিশনের একটি দল গতকাল রাজ্যে এসেছে। উপদ্রুত এলাকায় যাচ্ছেন তারাও।

OOOOOOOOOOOOOOOOOO

রাজ্য সরকার মুর্শিদাবাদে অশান্তির ঘটনায় ৯ সদস্যের বিশেষ তদন্তকারী দল বা সিট গঠন করেছে। অতিরিক্ত পুলিশ সুপার পদমর্যাদার আধিকারিকের নেতৃত্বে তিনজন

ডেপুটি সুপার ও ছ'জন ইনস্পেক্টরকে নিয়ে এই দল গঠন করা হয়েছে। অশান্তি সংক্রান্ত যাবতীয় মামলার তদন্ত করবে এই সিট। গতকালই সামশেরগঞ্জ থানায় গিয়ে বৈঠক করেন সিটের সদস্যরা।

এদিকে, সুতি ও ধুলিয়ানে ইন্টারনেট পরিষেবা স্বাভাবিক হলেও গুজব রুখতে সামশেরগঞ্জে বন্ধ রয়েছে ইন্টারনেট। পরিস্থিতি ধীরে ধীরে স্বাভাবিক হলেও অশান্তির আশঙ্কায় এখন সদা সতর্ক প্রশাসন। জেলা জুড়েই চলছে নজরদারি। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট - মামুন)

OOOOOOOOOOOOOOOOO

এবারের স্পটলাইট-এর বিষয় সুপুষ্টি পক্ষ। অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গ সরকারের নারী শিশু বিকাশ ও সমাজ কল্যাণ দপ্তরের অধীন সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প প্রাধিকরণের যুগ্ম অধিকর্তা দেবারতি সরকার। কথা বলেছেন কল্যাণ লাহা। তিনটি পর্বে বিভক্ত এই আলোচনার তৃতীয় তথা শেষ পর্ব শুনবেন আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ এর সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

OOOOOOOOOOOOOOOO

OMR শিট হাতে পাওয়ার দাবিতে আজ নিজাম প্যালেসে স্থিত এস এস সি দপ্তর অভিযান করবেন চাকরি হারানো শিক্ষকদের একাংশ। তাঁদের সংগঠনের তরফে সুমন বিশ্বাস জানান, ২০১৬-র পরীক্ষার্থীদের অনেকেই OMR শিট হাতে পান নি। যাতে তা অবিলম্বে পাওয়া যায়, সেই ব্যবস্থা নেওয়া হচ্ছে।

এদিকে, চাকরিতে পুনর্বহালের দাবিতে গতকাল রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর দফতরে স্মারকলিপি দিয়েছেন চাকরিহারা শিক্ষকদের একাংশ। গতকাল দিল্লির যন্তর মন্তরে ধর্না, অবস্থান কর্মসূচির পর রাতেই কলকাতার উদ্দেশ্য রওনা দিয়েছেন তাঁরা। চাকরিহারা শিক্ষকদের এই আন্দোলনে পাশে দাঁড়াতে গিয়েছিলেন দিল্লি বিশ্ববিদ্যালয় এবং জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের কয়েকজন পড়ুয়া ও অধ্যাপক।

OOOOOOOOOOOOOOOOO

বৃহত্ শিল্প স্থাপনের ক্ষেত্রে নানা সুযোগ সুবিধা দিতে রাজ্য সরকার নতুন ভারী শিল্পনীতি আনতে চলেছে। এই লক্ষ্যে আজ রাজ্য শিল্পোন্নয়ন নিগম, বিভিন্ন বণিকসভার কর্তাদের সঙ্গে বৈঠকে বসতে চলেছে । যুগোপযোগী বিনিয়োগ বান্ধব শিল্পনীতি তৈরির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে বৈঠকে আলোচনা হবে। ভারী শিল্পের পাশাপাশি তথ্য-প্রযুক্তি সংস্থাগুলির সর্বভারতীয় সংগঠন ন্যাসকমকেও আলোচনার জন্য ডাকা হয়েছে। নতুন শিল্পনীতিতে আর্থিক সহায়তা বা ইনসেন্টিভের বিষয়ে ওই বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হতে পারে।

OOOOOOOOOOOOOOOOO

ওয়ার্ল্ড অডিও ভিজুয়াল সামিট–ওয়েভস-এর ইয়ং ফিল্ম মেকারস চ্যালেঞ্জ প্রতিযোগিতায় দুর্গাপুরের বাসিন্দা হেমপ্রভ ভট্টাচার্য্যের ছবি চূড়ান্ত পর্বের জন্য নির্বাচিত হয়েছে। রিকানেক্ট নামে এক মিনিট ১৬ সেকেন্ডের সাদা-কালো ছবিটি বর্তমান ওয়ার্ক ফ্রম হোমের যুগে বাবা-ছেলের সম্পর্কের দিকটি তুলে ধরেছে। হেমপ্রভ আকাশবাণীকে জানালেন, আগামী মাসে মুম্বইতে ওয়েভসের শীর্ষ সম্মেলনে যোগ দেবেন তিনি।

OOOOOOOOOOOOOOOO

দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আজ ও আগামীকাল বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎসহ বৃষ্টি ও ঝড়ো হওয়া হয়ে যেতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ পশ্চিমের জেলা , হিমালয় সন্নিহিত এলাকা এবং মালদা ও দুই দিনাজপুরে বৃষ্টির পরিমান বেশি হওয়ার সভাবণা। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৬ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে সামান্য বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছে থাকতে পারে।

OOOOOOOOOOOOOOOO